

# সংবাদ



গতকাল জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে সংবাদ সম্মেলনে জব ফেয়ারের আয়োজকরা

-সংবাদ

## একই দিনে সাক্ষাৎকার, নিয়োগপত্র : ওসমানী মিলনায়তনে আজ চাকরি মেলা

পৃ: ১৬

নিজস্ব বার্তা পরিবেশক

দু'দিনব্যাপী 'জব ফেয়ার' আজ শুরু হচ্ছে। যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) আয়োজিত রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এ ফেয়ার অনুষ্ঠিত হবে। আজ সকাল সাড়ে ১০টায় জব ফেয়ারের উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক। জব ফেয়ারে অংশ নেয়া ২০টি কোম্পানির স্টলে দেশের চাকরিপ্রার্থীরা জীবন বৃত্তান্ত ই-মেইলে বা সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবেন। এসব আবেদনপত্র বাছাই শেষে সাক্ষাৎকারের মাধ্যমে বিভিন্ন পদে ৩০০ জনকে তাৎক্ষণিকভাবে কোম্পানিগুলোর বিভিন্ন পদে নিয়োগ দেয়া হবে।

গতকাল জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) কর্মকর্তারা এ তথ্য জানান। এ সময় উপস্থিত ছিলেন যুব কর্মসংস্থান সোসাইটির নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম, দৈনিক দেশবাংলার সম্পাদক ফেরদৌস আহমেদ কোরেশী ও যুব কর্মসংস্থান সোসাইটির প্রকল্প পরিচালক রাশেদুল হুদা চৌধুরী।

দু'দিনের জব ফেয়ারে সেমিনার ও কাউন্সেলিং দুটি সেশন অনুষ্ঠিত হবে। এর মধ্যে 'উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান পরিকল্পনা' শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করবেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদ। এছাড়া প্রবন্ধ উপস্থাপন করবেন উন্নয়ন অন্বেষণের ইনোভেটর মনোয়ার মোস্তাফা।

যুব কর্মসংস্থান সোসাইটির (যুবক) কর্মকর্তারা আরও জানান, ১৫ থেকে ৩৫ বছর বয়সীদের মধ্যেই বেকারত্বের মাত্রা বেশি। প্রতিবছর ২৭ লাখ নতুন মুখ কর্মবাজারে প্রবেশ করছে। কিন্তু কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে মাত্র ৭ লাখ। গত বছরে দেশে কর্মসংস্থান হয়েছে সরকারি খাতে ৪ শতাংশ এবং বেসরকারি খাতে ৯৫ দশমিক ২ শতাংশ। আবার অপ্রাতিষ্ঠানিক বেসরকারি খাতে ৮০ দশমিক ৮ শতাংশ। এ সময়ের যুব জনসংখ্যার ১০ দশমিক ৫ শতাংশ বৃদ্ধি পেলেও কর্মসংস্থান বেড়েছে মাত্র ২ শতাংশ।